প্রথম আলো

তারিখ 29 AUG 2017
পৃষ্ঠা ৪ কলাম ১

# এমবিবিএস ভর্তি পরীক্ষা ৫ নম্বর কাটার বিরুদ্ধে করা রিটের শুনানি ১১ সেপ্টেম্বর

নিজস্ব প্রতিবেদক ●

মেডিকেল কলেজে চলতি শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে পাঁচ নম্বর কেটে তালিকা তৈরির সিদ্ধান্তের বৈধতা নিয়ে করা রিট আবেদনের ওপর ১১ সেপ্টেম্বর শুনানির জন্য দিন ধার্য করেছেন হাইকোর্ট। বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. জাহাঙ্গীর হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চ গতকাল সোমবার উভয় পক্ষের সময় আবেদনের পরিপ্রেক্ষিতে শুনানির এ দিন রাখেন।

আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। অন্যদিকে রিট আবেদনকারী আইনজীবী ইউনুছ আলী আকন্দ উপস্থিত ছিলেন।

রিট আবেদন থেকে জানা যায়, প্রথম বর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির আবেদন (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ) আহ্বান করে গত ২১ আগস্ট পত্রিকায় বিজ্ঞপ্তি দেয় স্বাস্থ্য অধিদপ্তর। এতে বলা হয়, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস বা বিডিএস ভর্তি পরীক্ষায় পূর্ববর্তী বছরের এইচএসসি উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট নম্বর থেকে ৫ নম্বর কেটে রেখে মেধা তালিকা তৈরি করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....
তারিখ....

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর